# পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ (পিজিসিবি) লিঃ

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি অঙ্গ প্রতিষ্ঠান)

**পিজিসিবি ভবন, আফতাব নগর, বাড্ডা, ঢাকা-১২১২।**

স্মারক নং-২৭.২১.০০০০.২০১.১১.০০১.২৪.৩৫৫২ তারিখঃ ০১/০৭/২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ (পিজিসিবি) লিমিটেড দেশব্যাপী জাতীয় বিদ্যুৎ গ্রিড পরিচালন, সংরক্ষণ ও উন্নয়ন কাজে নিয়োজিত। পিজিসিবিতে নিয়োগযোগ্য শূন্য পদের বিপরীতে নিম্নবর্ণিত পদসমূহ পূরণের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম, বেতন গ্রেড ও বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|
| ১ | জুনিয়র হিসাব সহকারী<br>বেতন গ্রেড-১১, বেতন স্কেল-২৩,০০০/- এবং<br>চাকুরী বিধিমতে প্রযোজ্য অন্যান্য ভাতা/সুবিধাদি | ০৫ জন | (ক) একাউন্টিং/ফাইন্যান্স/ ফাইন্যান্স এন্ড ব্যাংকিং/ এআইএস বিষয়ে দ্বিতীয় শ্রেণীর বিবিএ/বিবিএস (সম্মান) ডিগ্রী।<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। | মুন্সীগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, লক্ষ্মীপুর, রাঙ্গামাটি, রাজশাহী, পাবনা, খুলনা, নড়াইল, বাগেরহাট, বরিশাল, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর।<br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২ | জুনিয়র প্রশাসনিক সহকারী<br>বেতন গ্রেড-১১, বেতন স্কেল-২৩,০০০/- এবং<br>চাকুরী বিধিমতে প্রযোজ্য অন্যান্য ভাতা/সুবিধাদি | ৪ জন | (ক) ইউজিসি অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর স্নাতক /সমমান ডিগ্রী।<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। | |
| ৩ | কারিগরী সহায়ক (ওএন্ডএম)<br>বেতন গ্রেড-১৫, বেতন স্কেল-১৪,৫০০/- এবং<br>চাকুরী বিধিমতে প্রযোজ্য অন্যান্য ভাতা/সুবিধাদি | ১৫০ জন | (ক) কারিগরী শিক্ষা বোর্ড হতে কমপক্ষে দ্বিতীয় বিভাগে জেনারেল ইলেকট্রনিক্স/জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস/ইলেকট্রিক্যাল মেইনটেনেন্স ওয়ার্কস/কম্পিউটার ও তথ্য প্রযুক্তি/প্ল্যাম্বিং ও পাইপ ফিটিংস ট্রেড-এ কমপক্ষে দ্বিতীয় বিভাগে এসএসসি (ভোকেশনাল)/দাখিল (বিজ্ঞান)/ এসএসসি (বিজ্ঞান) উত্তীর্ণ।<br>খ) প্রার্থীকে অবশ্যই সুস্বাস্থ্যের অধিকারী, দৈহিক পরিশ্রম করার সদিচ্ছা ও স্বাভাবিক প্রবণতা এবং বৈদ্যুতিক টাওয়ার ও স্থাপনায় উঠা-নামার সক্ষমতা থাকতে হবে। | মানিকগঞ্জ, গোপালগঞ্জ, রাজবাড়ী, ব্রাহ্মণবাড়িয়া, রাঙ্গামাটি, পাবনা, নড়াইল, ঝালকাঠি।<br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ৪ | অফিস সহায়ক<br>বেতন গ্রেড-১৫, বেতন স্কেল-১৪,৫০০/- এবং চাকুরী বিধিমতে প্রযোজ্য অন্যান্য ভাতা/সুবিধাদি | ০৪ জন | (ক) কমপক্ষে দ্বিতীয় বিভাগে এসএসসি/দাখিল/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

**নির্দেশাবলী/শর্তাবলীঃ**

(১) আগ্রহী প্রার্থীদের অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন ফরমে নির্ধারিত স্থানে ছবি (300 X 300 pixel) ও স্বাক্ষর (300 X 80 pixel) স্ক্যান করে তা সংযোজন করতে হবে। টেলিটক বাংলাদেশ লিঃ এর ওয়েবসাইট http://pgcb.teletalk.com.bd অথবা পিজিসিবি'র ওয়েব সাইট www.pgcb.gov.bd এ উল্লেখিত নির্ধারিত লিংক এর মাধ্যমে ০৭/০৭/২০২৪ হতে ৩১/০৭/২০২৪ তারিখের (রাত ১১:৫৯ টা পর্যন্ত) মধ্যে প্রকাশিত "আবেদনপত্র পূরণ করার নিয়মাবলী" অনুসরণ পূর্বক আবেদন করা যাবে।

(২) যারা সম্প্রতি উল্লেখিত শিক্ষাগত যোগ্যতার পরীক্ষায় অংশগ্রহণ করেছেন, কিন্তু সার্টিফিকেট পাননি/এ্যাপিয়ার্ড (ফলাফল প্রত্যাশী) প্রার্থীদের সংশ্লিষ্ট পদে আবেদন করার প্রয়োজন নেই।

(৩) বর্ণিত পদসমূহে আবেদনের ক্ষেত্রে ৮০০/- (আটশত) টাকা টেলিটক বাংলাদেশ লিঃ এর যে কোন মোবাইল সংযোগ হতে এসএমএস এর মাধ্যমে http://pgcb.teletalk.com.bd অথবা www.pgcb.gov.bd ওয়েব সাইটে বর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রেরণ করতে হবে।

(৪) বৈদেশিক ইনস্টিটিউট হতে ডিগ্রীধারী প্রার্থীগণের ক্ষেত্রে বাংলাদেশের ইউজিসি/সরকারের সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা হতে সমতুল্য ডিগ্রীর প্রত্যয়নপত্র প্রয়োজন হবে।

(৫) প্রার্থী/ আবেদনকারীর শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হবে না। বেতন গ্রেড ১১ এর ক্ষেত্রে সিজিপিএ/জিপিএ ৫.০০ স্কেলে নূন্যতম ২.৮২ ও ৪.০০ স্কেলে নূন্যতম ২.২৫ থাকতে হবে এবং বেতন গ্রেড ১৫ এর ক্ষেত্রে জিপিএ ৫.০০ স্কেলে নূন্যতম ২.০০ থাকতে হবে। এর নীচে ফলাফল প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই।

(৬) ০১/০৭/২০২৪ তারিখে যাদের বয়স সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে তারা আবেদন করতে পারবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যা প্রার্থীর ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৪০ (চল্লিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।

(৭) সরকারী, আধা সরকারী, স্বায়ত্তশাসিত বা সরকারী মালিকানাধীন কোম্পানিতে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে অর্থাৎ অনলাইনে পূরণকৃত আবেদন পত্রের হার্ড কপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাব্যবস্থাপক, পিএন্ডএ, পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ (পিজিসিবি) লিমিটেড, প্রধান কার্যালয় ভবন, এভিনিউ-৩, জহুরুল ইসলাম সিটি, আফতাবনগর, বাড্ডা, ঢাকা-১২১২ বরাবর নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।

(৮) সরকার কর্তৃক নির্ধারিত কোটা অনুসরণপূর্বক প্রার্থী নির্বাচন করা হবে। এক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী নির্দেশনা/নীতিমালা অনুসরণ করে যাচাই-বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

(৯) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে ০১ (এক) বছরের প্রবেশনসহ ০৫ বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে। প্রবেশনকাল সফলতার সঙ্গে সম্পন্ন করলে পিজিসিবি'র চাকুরী বিধি অনুযায়ী চাকুরী নিশ্চিত করা হবে এবং ব্যক্তিগত কর্মমূল্যায়নের ভিত্তিতে পরবর্তীতে চাকুরী চুক্তি নবায়ন করা হবে।

**(১০) কেবলমাত্র উপরে বর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণকে যথাযথ প্রক্রিয়ায় আবেদন করার জন্য অনুরোধ করা হলো। ব্যক্তিগত/শিক্ষাগত/কোটা ইত্যাদি সংক্রান্ত যে কোন তথ্য/দলিলাদি গোপন বা ভুল তথ্য প্রদান করে আবেদন করলে পরবর্তীতে তার আবেদন/নিয়োগ বাতিল বলে গণ্য হবে।**

(১১) পিজিসিবি কর্তৃপক্ষ এই নিয়োগ স্থগিত/বাতিল/নিয়োগের বিষয়ে যে কোন ধরণের সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।

(১২) যে কোন ধরনের তদবীর বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

০৭/০৭/২০২৪

মহাব্যবস্থাপক (পিএন্ডএ)
পিজিসিবি